চুয়াডাঙ্গায় সাংবাদিকদের সাথে পানি সাশ্রয়ী নিরাপদ খাদ্য প্রকল্পের কর্মশালা

চুয়াডাঙ্গায় সাংবাদিকদের সাথে পানি সাশ্রয়ী নিরাপদ খাদ্য এবং টেকসই পরিবেশবান্ধব দক্ষ কৃষি অনুশীলন প্রকল্পের ফলাফল ও প্রভাব বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বেলা ১১টার দিকে প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার আয়োজনে জাপান ফান্ড ফর গোবাল এনভাইরমেন্ট (জেএফজিই) এর সহযোগিতায় অফিস সম্মেলন কক্ষে সাংবাদিকদের নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়। এসময় দামুড়হুদা উপজেলার চারটি ইউনিয়নে ৪০ টি গ্রামের ৪০০ জন কৃষকের সাথে পানি সাশ্রয়ী নিরাপদ খাদ্য এবং টেকসই পরিবেশবান্ধব দক্ষ কৃষি অনুশীলন প্রকল্পের কার্যক্রম প্রজেক্টর এর মাধ্যমে উপস্থিত সাংবাদিকদের দেখানো হয়।

কর্মশালায় প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক বিল্লাল হোসেন এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা নিরাপদ খাদ্য অফিসার সজীব পাল, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক মাথাভাঙ্গার সম্পাদক ও প্রকাশক সরদার আল আমিন, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার নির্বাহী সম্পাদক রুবাইদ বিন আজাদ সুস্থির, দৈনিক সময়ের সমীকরনের প্রধান সম্পাদক নাজমুল হক স্বপন, দৈনিক আকাশ খবরের সম্পাদক ও প্রকাশক জান্নাতুল আওলীয়া নিশি।

কর্মশালায় অংশগ্রহন করেন ইনডিপেন্ডেন্ট টেলিভিশনের জেলা প্রতিনিধি এ্যাড. মানিক আকবর, চ্যানেল আই টেলিভিশনের জেলা প্রতিনিধি রাজীব হাসান কচি, মাছরাঙ্গা টেলিভিশনের জেলা প্রতিনিধি ফাউজার চৌধুরী, এটিএন বাংলা টেলিভিশনের জেলা প্রতিনিধি রফির রহমান, জিটিভি-র জেলা জেলা প্রতিনিধি রিফাত রহমান, একাত্তর টেলিভিশনের জেলা প্রতিনিধি এমএ মামুন, একুশে টেলিভিশনের জেলা প্রতিনিধি প্রফেসর আতিয়ার রহমান, প্রথম আলো জেলা প্রতিনিধি শাহ আলম সনি, চ্যানেল টয়েন্টিফোর টেলিভিশনের জেলা প্রতিনিধি রেজাউল করীম লিটন, ডিবিসি নিউজ টেলিভিশনের জেলা প্রতিনিধি কামরুজ্জামান

সেলিম, যমুনা টেলিভিশনের জেলা প্রতিনিধি জিছান আহম্মেদ, দি ইনডিপেনডেন্ট এর জেলা প্রতিনিধি এমএম আলাউদ্দিন, ডেইলি অবজারভার এর জেলা প্রতিনিধি আবুল হাসেম, নাগরিক টেলিভিশনের জেলা প্রতিনিধি হুসাইন মালিক ও দৈনিক জবাবদিহির জেলা প্রতিনিধি আলমগীর কবীর শিপলু, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি ও দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলন, দামুড়হুদা উপজেলা এপেক্স ফেড়ারেশনের সহসভাপতি আশরাফুজ্জামান পিন্টু, সাধারন সম্পাদক আব্দুর রাজ্জাক প্রমুখ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পানি সাশ্রয় নিরাপদ খাদ্য এবং টেকসই পরিবেশবান্ধব দক্ষ কৃষি অনুশীলন প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী তোফায়েল আহাম্মেদ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রত্যাশা সামাজিক উন্নয়ন সংস্থার সমন্বকারী সাইদুর রহমান।

দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজে নবীন বরণ অনুষ্ঠান

দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজে নবীন বরণ ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরণ করা হয়েছে। চুয়াডাঙ্গা-২ আসনের সাংসদ হাজি আলী আজগার টগর এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরুষ্কার তুলে দেন।

এ উপলক্ষে মঙ্গলবার বেলা ১১ টার দিকে কলেজ প্রাঙ্গনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন এমপি আলী আজগার টগর।

তিনি কলেজ শুরু থেকে এ পর্যন্ত সার্বিক চিত্র তুলে ধরে বলেন, এই কলেজে কিছুই ছিলনা। আজকে আপনারা যে বিল্ডিং দেখছেন তা ২০০৮ সালে আওয়ামী লীগ রাষ্ট্রীয় ক্ষমতায় আসার পর করা হয়েছে। অনার্স কোর্স

চালু করা হয়েছে। তিনি তার শিক্ষা জীবনের স্মৃতিচারণ করে বলেন, আমরা যখন স্কুলে পড়েছি তখন স্কুলে বেঞ্চ পর্যন্ত ছিলনা। বাঁশের কাবারী দিয়ে ঘিরে ক্লাসরুম করা হয়েছে। আজ সবই আছে। এখন তোমাদেন একমাত্র কাজ মন দিয়ে লেখা পড়া করা। অন্যথায় প্রতিযোগিতায় টিকে থাকতে পারবেনা। তোমাদের সুশিক্ষায় শিক্ষিত হতে হবে। গুরুজনদের শ্রদ্ধা করতে হবে। তোমাদের কাছে পরিবারের অনেক প্রত্যাশা। সুশিক্ষায় শিক্ষিত হয়ে তোমরাই স্মার্ট বাংলাদেশ গড়ে তুলবে।

প্রভাষক মিল্টন কুমার সাহা ও মরিয়ম মারুর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, কলেজ গভর্নিং বডির সভাপতি দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম। উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ জিন্নাত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কলেজ গভর্নিং বডির সদস্য আবু সাইদ খোকন, গভর্নিং বডির সদস্য ইসমাইল হোসেন, ফারুক হোসেন, নিশান তরফদার । সার্বিক সহযোগিতায় ছিলেন সহকারী অধ্যাপক মাওলানা রফিকুল ইসলাম, রবিউল ইসলাম, আনিছুজ্জামান মল্লিক, জহির উদ্দিন, প্রভাষক শরীফুল ইসলাম মিঠু, ক্রীড়া শিক্ষক বশীর আহমেদসহ অন্যান্য শিক্ষকবৃন্দ।

চুয়াডাঙ্গা উপজেলা প্রশাসনের অভিযানে অবৈধ ভাবে রাস্তার পাশে রাখা নির্মাণ সামগ্রী

উচ্ছেদ

চুয়াডাঙ্গা উপজেলা প্রশাসনের অভিযানে চুয়াডাঙ্গা শহরের বিভিন্ন স্থানে রাস্তার পাশে থাকা নির্মাণ সামগ্রী ইট বালু ব্যানার ফেস্টুন পোস্টার সহ বিভিন্ন ধরনের নির্মাণ সামগ্রী বিনষ্ট ও উচ্ছেদ করা হয়েছে।

চুয়াডাঙ্গা উপজেলা প্রশাসনের নির্বাহী অফিসার শামীম ভূইয়া নির্দেশনায় ও চুয়াডাঙ্গা উপজেলা প্রশাসনের সহকারী কমিশনার(ভূমি) মাজহারুল ইসলামের নেতৃত্ব মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজের সামনে বিভিন্ন ধরনের নির্মাণসামগ্রী ইট বালি খোয়া ব্যানার-ফেস্টুন সহ রাস্তা অবৈধভাবে দখল করে ব্যবসা পরিচালনার বিভিন্ন ধরনের নির্মাণসামগ্রী জব্দ করেছে উপজেলা প্রশাসন।

অভিযান পরিচালনার সময় চুয়াডাঙ্গা উপজেলা প্রশাসনের সহকারী কমিশনার (ভূমি) মাজহারুল ইসলাম বলেন,রাস্তার পাশে নির্মাণ সামগ্রী না রাখার জন্য বারবার মাইকিং করা সত্ত্বেও যারা নির্মাণ সামগ্রী রেখে নগরীর সৌন্দর্য বিনস্ট করার পাশাপাশি চলাচলের বিঘ্ন ঘটাচ্ছেন তাদের জন্য অভিযান পরিচালনা করা হচ্ছে এবং সকল ধরনের নির্মাণসামগ্রী জব্দ করা হচ্ছে।

এসময় তিনি আরো বলেন, এ অভিযান নিয়মিত চলবে। প্রয়োজনে পৌরসভার আইনে জরিমানা ও করা হবে।নগরীর সৌন্দর্য রক্ষার পবিত্র দায়িত্ব আমাদের সকলেরই। এসময় তিনি সকলকে আইন মানার আহ্বান জানান এবং চমৎকার চুয়াডাঙ্গা গঠন করার জন্য সকলের নিকট সার্বিক সহযোগিতা কামনা করেন ।

দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের

সাথে উপজেলা চেয়ারম্যানের শুভেচ্ছা ও মতবিনিময় সভা

দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সাথে শুভেচ্ছা বিনিময় ও মতবিনিময় করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। গতকাল সোমবার বেলা ১২টার সময় উপজেলা প্রেসক্লাবের আয়োজনে উপজেলা চেয়ারম্যানের কার্যালয়ে শুভেচ্ছা বিনিময় ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপজেলা চেয়ারম্যান উপস্থিত সকলকে মিষ্টি মুখ করান, এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আ: করিম, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, হাউলী ইউপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু।

দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবীব, যুগ্ম সম্পাদক শেখ হাতেম, সহযুগ্ম সম্পাদক শিমুল রেজা, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, সহ-সাংগঠনিক সম্পাদক রাজু আহাম্মেদ সনজু, কোষাধ্যক্ষ আসহাবুল আলম, দপ্তর সম্পাদক রবিউল ইসলাম বাবু, ক্রীড়া সম্পাদক চঞ্চল, প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মশিউর রহমান, ধর্ম বিষয়ক সম্পাদক হেলাল উদ্দিন, সমাজ কল্যান বিষয়ক সম্পাদক আনারুল ইসলাম, দুর্যোগ ও ত্রাণ বিষয়ক সম্পাদক জাহাঙ্গীর আলম মানিক, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক গোলাম মোর্তুজা মিন্টু, সদস্য মিরাজ রায়হান প্রমূখ।

মতবিনিময় কালে উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু বলেন আপনারা নির্ভয়ে সত্য লিখবেন। আপনাদের বস্তুনিষ্ঠ সংবাদের মাধ্যমে সমাজ উপকৃত হবে। ইতিমধ্যে উপজেলা প্রেসক্লাব সুনামের সাথে কাজ করে যাচ্ছে। এই ধারাবাহিকতা ধরে রাখতে হবে। সাংবাদিকদের মাধ্যমেই উপজেলার সম্ভাবনা তুলে ধরতে হবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ গড়তে সাংবাদিকদের ভূমিকা অপরিহার্য।

ঝিনাইদহে যৌন হয়রানিমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান গড়ার লক্ষ্যে পরামর্শ সভা অনুষ্ঠিত

নারীর উপর সকল ধরনের সহিংসতা প্রতিরোধে বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠানে যৌন হয়রানি প্রতিরোধে‘যৌন হয়রানি হয়রানিমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান’ গড়ার লক্ষ্যে ঝিনাইদহে পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে নারীপক্ষ ও গ্লোবাল ফান্ড ফর উইমেন’র সহযোগিতায় এ সভার আয়োজন করে ওয়েলফেয়ার এফোর্টস (উই)।

সরকারি নুরুন্নাহার মহিলা কলেজের সাবেক উপাধ্যক্ষ এন এম শাহজালাল’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, মহিলা ভাইস চেয়ারম্যান আরতি দত্ত, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কামরুজ্জামান।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ওয়েলফেয়ার এফোর্টস (উই)’র পরিচালক শরিফা খাতুন। এতে যৌন হয়রানি প্রতিরোধে মহামান্য হাইকোর্ট কর্তৃক প্রদত্ত নীতিমালা উপস্থাপন করেন নারীপক্ষের উর্দ্ধতন প্রকল্প কর্মকর্তা উজ্জীমান আক্তার ও সভার উদ্দেশ্যে নিয়ে আলোচনা করেন নারীপক্ষের সদস্য ফরিদা ইয়াছমিন। সেসময় শিক্ষার্থীদের যৌন হয়ারানিমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান গড়তে অংশগ্রহণকারীরা নানা পরামর্শ তুলে ধরেন।

ঝিনাইদহে ৭ অনলাইন জুয়াড়ি আটক

ঝিনাইদহে এজেন্টসহ ৭ অনলাইন জুয়াড়িকে আটক করেছে ডিবি পুলিশ। গত রোববার রাতে সদর উপজেলার বামনাইল বাজার এলাকা থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো-মাগুরার শালিখা উপজেলার ধনেশ^রগাতি গ্রামের বিমল বিশ্বাসের ছেলে ললিত মোহন বিশ্বাস লিটু (৩১), সদর উপজেলার জিতরভবানীপুর গ্রামের অধির বিশ্বাসের ছেলে অশোক কুমার বিশ্বাস (২৬), আব্দুল গনির ছেলে এস এম শফিউল্লাহ (২০), শিয়াবুর মন্ডলের ছেলে নয়ন হোসেন (২০), বামনাইল গ্রামের সুর্য্যকান্ত’র ছেলে রতন বিশ্বাস (৩৫), হরপ্রশাদ বিশ্বাসের ছেলে বিধান কুমার বিশ্বাস (৪০) ও সুশান্ত রায়’র ছেলে সমীরন রায় (৩০)।

ঝিনাইদহ ডিবি পুলিশের ওসি শাহীন উদ্দিন জানান, বামলাইন এলাকায় একটি চক্র ‘ওয়ানএক্স বেট’ নামের একটি ওয়েবসাইটের মাধ্যমে জুয়া খেলে আসছিলো এমন খবরে ডিবি পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল তদন্ত শুরু করে। তদন্তে প্রমাণিত হওয়া রাতে বামনাইল এলাকায় অভিযান চালানো হয়। সেসময় লিটু, অশোক কুমার, রতন বিশ্বাস, বিশ্বাস , নয়ন হোসেন, এস এম শফিউল্লাহ ও সমীরন রায় নামের ৭ জনকে আটক করা হয়। তাদের কাছ থেকে মোবাইল ও জুূয়াড় নগদ টাকা উদ্ধার করা হয়। এ ঘটনায় ডিবি পুলিশের পক্ষ থেকে মামলা দায়ের তাদের সদর থানায় সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা

দামুড়হুদায় জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ-২০২৩ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বেলা সাড়ে ১১ দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে আলোচনা সভা

অনুষ্ঠিত হয়।

‘মানসম্মত প্রাথমিক শিক্ষা-স্মার্ট বাংলাদেশ গড়ার দীক্ষা’ এই শ্লোগানকে সামনে রেখে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহের দ্বিতীয় দিনে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন কোমরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কামাল হোসেন। গীতা পাঠ করেন দশমী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রী নারায়ণ চন্দ্র পাল। পাওয়ার পয়েন্টের মাধ্যমে এক নজরে উপজেলার প্রাথমিক শিক্ষার সার্বিক চিত্র তুলে ধরেন উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম।

সভায় বিশেষ অতিথি ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান। উপস্থিত ছিলেন ইউপি চেয়ারম্যান হযরত আলী, আব্দুল করিম, কামাল হোসেন, শফিকুল ইসলাম, ইয়ামিন আলী, নিজাম উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দিন, উপজেলা একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, ইফার উপজেলা সুপার ভাইজার মারিয়া মাহবুবা, আইন উদ্দিন মেম্বার, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকুসহ বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষকগন। মতামত তুলে ধরে বক্তব্য রাখেন দর্শনা পূর্ব রামনগর প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারুন অর রশিদ।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে বিভিন্ন পদক্ষেপ হাতে নিয়েছেন। একসাথে ২৬ হাজার শিক্ষককে জাতীয়করণ করেছেন। শিক্ষকরা বর্তমানে সর্বনিম্ন ২২ হাজার এবং সর্বোচ্চ ৪৬ হাজার টাকা বেতন পাচ্ছেন। স্মার্ট বাংলাদেশ গড়তে আগে শিক্ষকদের স্মার্ট হতে হবে।

[redacted]

[redacted]

[redacted]

[

ভাঙচুর আহত ১১

আলমডাঙ্গা নাগদহ ইউনিয়ন পরিষদ নির্বাচনকে কেন্দ্র করে আওয়ামী লীগের (নৌকা) ও স্বতন্ত্র বিদ্রোহী (চশমা)’র প্রার্থীর কর্মীদের মধ্যে দফায় দফায় ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে।

গত শনিবার (১১ মার্চ) রাত ৯টা থেকে ১১টা পর্যন্ত ইউনিয়নের জহুরুলনগর, বলিয়ারপুর নাগদহ গ্রামে এ ঘটনা ঘটে।

এ সময় আওয়ামী লীগের ‘বিদ্রোহী’ প্রার্থীর (স্বতন্ত্র) নির্বাচনী অফিস এবং কর্মীদের চারটি মোটরসাইকেল ও বাড়ি-ঘর ভাঙচুর করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। এতে স্কুলছাত্রীসহ বিদ্রোহী প্রার্থীর (স্বতন্ত্র) তিনজন এবং নৌকা প্রার্থীর আটজন আহত হয়েছেন। তাদেরকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।
নৌকা প্রতীকের আহত আট কর্মী হলেন- বাবলুর রহমান (৫০), কেসমত আলী (৪০), আকরামুল হোসেন (৩৫), খবির উদ্দিন (৫৫), আনিছুর রহমান (৪৫), দবির আলী (৪০), মিয়া জান (৩৫) ও আব্দুস সেলিম (৪৬)। এর মধ্যে খবির উদ্দিনের শারীরিক অবস্থার অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছেন।

স্বতন্ত্র প্রার্থীর আহত কর্মীরা হলেন- ইসরাইল হোসেন বুদো (৪০), তার ছেলে মামুনুর রশিদ (২৪) ও মেয়ে নবম শ্রেণির ছাত্রী আয়েশা খাতুন (২৫)। এর মধ্যে ইসরাইল হোসেন বুদো স্বতন্ত্র প্রার্থীর বাড়িতে ভাঙচুর চালায় নৌকা প্রার্থীর কর্মীরা। এ সময় তার দুই ছেলে ও মেয়েকে বেধড়ক পিটিয়ে জখমের অভিযোগ উঠেছে।

এদিকে এ ঘটনায় পুরো এলাকা জুড়ে থমথমে অবস্থা বিরাজ করছে। অপ্রীতিকর ঘটনা এড়াতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে বলে নিশ্চিত করেছেন আলমডাঙ্গা থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম।

নৌকা প্রতীকের প্রার্থী মতিয়ার রহমান হায়াত আলি বলেন, জহুরুলনগর গ্রামে আমার কর্মীরা নির্বাচনী প্রচারণার কাজ করছিলেন। এ সময় স্বতন্ত্র প্রার্থী উপস্থিত থেকে তার কর্মীদের দিয়ে আমার কর্মীদের ওপর হামলা চালায়। এতে আমার কয়েকজন কর্মী আহত হয়েছেন। এছাড়া আমরা কোনো নির্বাচনী অফিস ভাঙচুর করিনি। তারা নিজেরা নিজেদের অফিস ভাঙচুর করে আমার কর্মীদের ওপর দোষ চাপাচ্ছে। এ

ঘটনায় আমি থানায় অভিযোগ করব।

আওয়ামী লীগের বিদ্রোহী প্রার্থী (স্বতন্ত্র) চশমা প্রতীকের এজাজ ইমতিয়াজ বিপুল বলেন, রাতে জহুরুলনগর আমার নির্বাচনী অফিসের কাছাকাছি ছিলাম। এ সময় নৌকা প্রার্থীর ২০/৩০ জন কর্মী মোটরসাইকেলযোগে এসে আমার নির্বাচনী অফিস ও চারটি মোটরসাইকেল ভাঙচুর করে। বলিয়ারপুর গ্রামে এক কর্মীর বাড়ি ভাঙচুর করে ও তার দুই ছেলে-মেয়েকে পিটিয়ে জখম করে। এছাড়া তারা নিজেরা নৌকার অফিস ভাঙচুর করে আমাদের ওপর দায় চাপানোর চেষ্টা করছে।

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. আব্দুল কাদের বলেন, ১১ জনের সবার শরীরের বিভিন্নস্থানে আঘাতের চিহ্ন পাওয়া গেছে। আহতদের মধ্যে দবির আলীর শারীরিক অবস্থা আশঙ্কাজনক বলে ধারণা করছি। উন্নত চিকিৎসার জন্য তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে। এছাড়া বাকিদের প্রাথমিক চিকিৎসা দিয়ে ভর্তি করা হয়েছে।

আলমডাঙ্গা থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বলেন, চশমা ও নৌকা প্রার্থীর কর্মীদের মধ্যে মারামারি ও ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটেছে। বিদ্রোহী প্রার্থীর অফিস ও তার কর্মীদেরও কয়েকটা মোটরসাইকেল ভাঙচুর করেছে। এতে উভয়পক্ষের মোট ৪ জন আহত হয়েছেন বলে জেনেছি। এখনো কোনো পক্ষ অভিযোগ করেনি। অপ্রীতিকর ঘটনা এড়াতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

দামুড়হুদায় আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষে রবিবার সকাল সাড়ে ৯ টার দিকে কলেজ প্রাঙ্গনে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।